

ব্রাহ্মণবাড়িয়ার অরুয়াইল বহুমুখী উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থীদের বৃত্তি প্রদান

প্রতিনিধি, সরাইল (বি.বাড়িয়া)

অনাড়ম্বর অনুষ্ঠানের মাধ্যমে ব্রাহ্মণবাড়িয়ার সরাইল উপজেলার ঐতিহ্যবাহী অরুয়াইল বহুমুখী উচ্চ বিদ্যালয়ের ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণীর ৫৫ জন দরিদ্র ও মেধাবী ছাত্রছাত্রীকে এক লাখ ১০ হাজার টাকা বৃত্তি প্রদান করা হয়েছে। পাশাপাশি এসএসসি পরীক্ষার্থী ২৫৩ জন শিক্ষার্থীকে বিদ্যায়ী সংবর্ধনা দেয়া হয়। গত ২৫ জানুয়ারি স্কুল প্রাঙ্গণে বৃত্তির অর্থ প্রদান করেন মরহুম জামির উদ্দিন আহমেদের পরিবার ও মো. এনামুল হক।

বৃত্তি প্রদান অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অরুয়াইল বহুমুখী উচ্চ বিদ্যালয়ের সভাপতি ও আশা ইন্টারন্যাশনাল সিওও এনামুল হক। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউট অফ বাংলাদেশ'র চেয়ারম্যান প্রকৌশলী মো. হামিদুল হক। বিশেষ অতিথি ছিলেন বি. বাড়িয়া সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ মুজিবুর রহমান। অনুষ্ঠানে স্থানীয় বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। শিক্ষানুরাগী মরহুম জামির উদ্দিন আহমেদ একজন সরকারি কর্মকর্তা ছিলেন।